

আন্তর্জাতিক

ইরানের যুদ্ধবিরতি প্রস্তাব প্রত্যাখ্যান, আবারও বাড়ল তেলের দাম

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৪৩ AM



ইরানের সাত দিনের যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরপর আন্তর্জাতিক বাজারে আবারও বেড়েছে অপরিশোধিত তেলের দাম। হরমুজ প্রণালি নিয়ে নতুন করে অনিশ্চয়তা তৈরি হওয়ায় তেলের বাজারে এর প্রভাব পড়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) এশিয়ার বাজারে লেনদেনের শুরুতে অপরিশোধিত তেলের দাম ১ শতাংশের বেশি বেড়ে যায়। সর্বশেষ হিসাবে, আন্তর্জাতিক বাজারে ব্রেন্ট ক্রুডের দাম ০ দশমিক ৮০ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি ৯৮ দশমিক ২২ ডলারে উঠেছে।

ইরান ও যুক্তরাষ্ট্রের সংঘাতের পাশাপাশি হরমুজ প্রণালি আবার খুলবে কি না, তা নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে। গুরুত্বপূর্ণ এই নৌপথ দিয়ে বিশ্বের বিপুল পরিমাণ তেল পরিবহন করা হয়। ফলে প্রণালিটি বন্ধ বা সীমিত থাকলে বিশ্ববাজারে জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ বাড়বে।

এর আগে শুক্রবার ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি জানিয়েছিলেন, নির্দিষ্ট কিছু শর্ত পূরণ হলে সাত দিনের মধ্যে হরমুজ প্রণালি খুলে দেওয়া হবে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের সঙ্গে পরমাণু আলোচনা আবার শুরু করা হবে।

ইরানের শর্তগুলোর মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান বন্ধ করা, নৌ অবরোধ তুলে নেওয়া, দেশটির ওপর অর্থনৈতিক চাপ কমানো এবং ইরানের জন্ম করা সম্পদ ছেড়ে দেওয়া।

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের পাশে সাংবাদিকদের আরাগচি বলেন, এসব শর্ত পূরণ হলে সাত দিনের মধ্যে হরমুজ প্রণালি খুলে দেওয়া এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা আবার শুরু করা সম্ভব।

তবে ট্রাম্প ইরানের প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। পরে তিনি নিজেই বলেন, "তারা একটি প্রস্তাব দিয়েছিল, কিন্তু আমি তা প্রত্যাখ্যান করেছি।"

ইরানের প্রস্তাবের খবর প্রকাশের পর গত ২৫ সেপ্টেম্বর বিশ্ববাজারে তেলের দাম কমেছিল। হরমুজ প্রণালি আবার খুলতে পারে এমন সম্ভাবনাই তখন বাজারে স্বস্তি তৈরি করেছিল। কিন্তু প্রস্তাব প্রত্যাখ্যানের পর সেই স্বস্তি অনেকটাই কমে গেছে।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/iraner-juddhbirti-prstab-prtjakhjan-abaro-barl-teler-dam>